

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখঃ ১৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১-৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ মেয়াদে বাংলাদেশ জাতীয় সংসদ ও ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) এর যৌথ উদ্যোগে ঢাকায় আইপিইউ এর ১৩৬ তম এসেম্বলি সম্মেলন অনুষ্ঠান সংক্রান্ত আপ্যায়নসহ যাবতীয় ব্যয়ের ক্ষেত্রে ভ্যাট মওকুফ প্রদান।

নং ০৩/মুসক/২০১৭—যেহেতু, বাংলাদেশ জাতীয় সংসদ ও ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) এর যৌথ উদ্যোগে ঢাকায় আইপিইউ এর ১৩৬ তম এসেম্বলি অনুষ্ঠানটি একটি আন্তর্জাতিক সম্মেলন এবং ইহাতে প্রচুর সরকারি অর্থ ব্যয় হইবে এবং উক্ত সম্মেলন অনুষ্ঠানের জন্য যেই সকল ব্যয়ের প্রয়োজন হইবে তাহা হইতে ভ্যাট বাদ দেওয়া হইলে সরকারি ব্যয় কিছুটা সাশ্রয় হইবে মর্মে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে পর্যবেক্ষণ প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু, সম্মেলনটি বাংলাদেশের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মর্যাদাকর অনুষ্ঠান এবং সেই কারণে ইহার সুষ্ঠু ও সফল আয়োজনে সরকারের প্রতিটি সংস্থার ভূমিকা রাখা প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ জাতীয় সংসদ ও ইন্টার-পার্লামেন্টারী ইউনিয়ন (আইপিইউ) এর যৌথ উদ্যোগে ঢাকায় আগামী ১-৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ মেয়াদে অনুষ্ঠেয় আইপিইউ এর ১৩৬ তম এসেম্বলি সম্মেলন সংশ্লিষ্ট আপ্যায়নসহ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক নির্ধারিত উক্ত সম্মেলনের সহিত সরাসরি সম্পৃক্ত অন্যান্য ব্যয়ের ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৩৩৯৫)

মূল্য : টাকা ৪.০০